NEW YORK STATE
Office of Children and Family Services
Capital View Office Park 52
Washington Street
Rensselaer, NY 12144

আপনার স্কুলে যাওয়ার-বয়সী সন্তানের জন্য শিশু পরিচর্যার সম্বন্ধে ভাবার সময়...

একবার পরিদর্শন করুন...
প্রশ্ন জিজ্ঞাসা করুন...
তারপর সিদ্ধান্ত নিন।

Pub. 1115D-BN (Rev. 2/2018)

ভাল শিশু পরিচর্যা বেছে নেওয়া একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত। নিরাপদ এবং ইতিবাচক শিশু পরিচর্যা সুস্থ বৃদ্ধি এবং বিকাশের ভিত্তি স্থাপন করে। একটি শিশু পরিচর্যা নির্বাচন করার সময় কী দেখতে হবে তার জন্য সময়, ধৈর্য্য এবং উপলব্ধির প্রয়োজন হয়।

শিশু পরিচর্যার বিভিন্ন কর্মসূচিগুলি সম্বন্ধে জানুন এবং সিদ্ধান্ত নেওয়ার আগে তাদের সঙ্গে দেখা করুন। ফোন করুন এবং অ্যাপয়েন্টমেন্ট নিন। ভালভাবে শিশু পরিচর্যার চারপাশ দেখুন। শিশুরা এবং প্রাপ্তবয়স্করা কিভাবে একে অপরের সঙ্গে কথা বলে তা লক্ষ্য করুন। প্রশ্ন জিজ্ঞাসা করুন। তাদের কথা শুনুন। যে মাতা-পিতারা কর্মসূচিটি ব্যবহার করছেন তাদের সঙ্গে কথা বলুন।

আপনি একবার শিশু পরিচর্যা নির্বাচন করে নেওয়ার পরে এবং আপনার বাচ্চা পরিচর্যায় থাকার সময় প্রশ্ন জিজ্ঞাসা করতে থাকুন। কর্মসূচিটি এখনও আপনার পরিবারের প্রয়োজনগুলি পূরণ করছে কিনা তা সবসময় নজরে রাখুন। এটির জন্য অনেক প্রশ্ন করতে হয় কিন্তু আপনার সন্তানের জন্য এটুকু কষ্ট করাই যায়।

শিশু পরিচর্যা নির্বাচন করাটা আপনার সন্তানের জীবনের একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আপনি আপনার সন্তান এবং পরিবারের প্রয়োজনীয়তাগুলি জানেন। এই গুরুত্বপূর্ণ সিদ্ধান্তটি আপনার শিশুর বিকাশ, স্বাস্থ্য এবং আনন্দে বিশাল পার্থক্য নিয়ে আসবে।

আপনার শিশু পরিচর্যার সংস্থানগুলি সম্বন্ধে ভাবুন

শিশু পরিচর্যার অন্যান্য উপকরণগুলির সম্পর্কে ভাবার সময় নিউ ইয়র্ক পেরেন্টস কানেকশনের (800) 345-KIDS নম্বরে ফোন করুন অথবা www.ocfs.ny.gov দেখুন।

- আপনার শিশু পরিচর্যার কথা ভাবার সময়
- আপনার নবজাত শিশু বা ছোট শিশুর জন্য শিশু পরিচর্যার কথা ভাবার সময়
- আপনার 3 থেকে 5 বছর বয়সী সন্তানের শিশু পরিচর্যার কথা ভাবার সময়

NEW YORK STATE | Office of Children and Family Services

Capital View Office Park 52 Washington Street
Rensselaer, NY 12144
www.ocfs.ny.gov

নিউ ইয়র্ক স্টেটের শিশু পরিচর্যার প্রবিধানের একটি প্রতিলিপির জন্য এবং/অথবা শিশু পরিচর্যা নির্বাচনের বিষয়ে আরও তথ্যের জন্য আপনার স্থানীয় শিশু পরিচর্যার সংস্থানের এজেন্সির সঙ্গে যোগাযোগ করুন, NYS শিশু ও পরিবারের পরিষেবাদির অফিস (Office of Children and Family Services)-এর ওয়েবসাইট **www.ocfs.ny.gov** দেখুন অথবা নিউ ইয়র্ক পেরেন্টস কানেকশনের **1-800-345-KIDS** নম্বরে ফোন করুন।

কোনও কর্মসূচি ন্দ্র সম্পর্কে উদ্বেগ থাকলে শিশু পরিচর্যার অভিযোগের লাইনের **1-800-732-5207** নম্বরে ফোন করুন।
নিউ ইয়র্ক শহরে, **311** অথবা **1-800-732-5207** নম্বরে ফোন করুন।

শিশু নির্যাতন এবং অবহেলার ব্যাপারে অভিযোগ জানানোর জন্য **1-800-342-3720** নম্বরে ফোন করুন।

নিউ ইয়র্ক স্টেটের শিশু এবং পরিবার পরিষেবা অফিসের মাধ্যমে আরও একটি পুস্তিকা পাওয়া যায়:
Kieran's Law (প্রকা-4628), বাড়িতে পরিচর্যাকারীর একজন নিয়োগকর্তা হিসেবে দায়িত্ব ও পরিষেবাদি সম্পর্কে আপনার জন্য উপলব্ধ একটি পুস্তিকা।

প্রতিবন্ধী আমেরিকানদের আইন অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেটের শিশু এবং পরিবার পরিষেবা অফিস অনুরোধ সাপেক্ষে এই পুস্তিকাটি যথাযথ ফরম্যাটে উপলব্ধ করবে।

Pub. 1115D-BN (Rev. 2/2018)

আপনি কি ভোট দেওয়ার জন্য রেজিস্টার করেছেন?
ভোট দিতে অনলাইনে আজই রেজিস্টার করুন।
http://www.ny.gov/services/register-vote

শিশু পরিচর্যার জন্য অর্থ দেওয়ার আগে

শিশু পরিচর্যার জন্য অর্থ দেওয়ার ক্ষেত্রে আপনি সহায়তা পাওয়ার যোগ্য হতে পারেন। শিশু পরিচর্যার ভর্তুকি সম্বন্ধে আরও তথ্য পাওয়ার জন্য আপনার কাউন্টির সামাজিক পরিষেবা বিভাগের সঙ্গে যোগাযোগ করুন। আপনার সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ খোঁজার জন্য NYS পেরেন্টস কানকশনের **(800) 345-KIDS** নম্বরে ফোন করুন অথবা **www.ocfs.ny.gov**.তে যান।

নিউ ইয়র্ক স্টেটের শিশু এবং নির্ভরশীল ব্যক্তির পরিচর্যার কর ক্রেডিট (New York State Child and Dependent Care Tax Credit)

আপনি নিউ ইয়র্ক স্টেটের শিশু এবং নির্ভরশীল ব্যক্তির পরিচর্যা কর ক্রেডিট দাবি করার যোগ্য হতে পারেন। আরও তথ্যের জন্য নিউ ইয়র্ক স্টেটের শুল্ক এবং অর্থ বিভাগের সাধারণ শুল্ক সম্বন্ধীয় তথ্যের **(518) 457-5181** নম্বরে যোগাযোগ করুন বা **www.tax.ny.gov**. ওয়েবসাইটে যান।

দ্রষ্টব্য: ____

____

____

____

____

____

____

____

1. শিশু পরিচর্যা কর্মসূচি খোলা থাকার সময় এবং শিশুরা কেন্দ্রে থাকার সময় সেখানে যান।

2. যথেষ্ট সময় নিয়ে প্রশ্ন জিজ্ঞাসা করুন। কিভাবে পরিস্থিতি সামলানো হচ্ছে তা দেখার জন্য কর্মসূচির চারিদিক দেখুন।

3. শিশু পরিচর্যা কর্মসূচিতে নিম্নলিখিতগুলি আছে কিনা তা নিশ্চিত করুন:

   - শিশুদের সংখ্যা অনুযায়ী যথেষ্ট পরিচর্যা প্রদানকারী/শিক্ষক আছে। আইন মেনে চলা হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য নিউ ইয়র্ক স্টেটের নিয়মকানুনগুলি দেখুন।
   - দুর্ঘটনা প্রতিরোধ করার জন্য পদক্ষেপ গ্রহণ করে এবং অগ্নিকান্ড বা চিকিৎসা সংক্রান্ত আপৎকালীন পরিস্থিতির জন্য পরিকল্পনা আছে।
   - বাচ্চাদের সুস্থ রাখার জন্য কিভাবে সাহায্য করতে হবে তা জানে এবং স্বাস্থ্যকর খাওয়ার অভ্যাস শেখায়।
   - খেলাধুলার জন্য একটি ভারসাম্যপূর্ণ ইনডোর ও আউটডোর পরিকল্পনা করে যা সক্রিয় ও শান্ত।

4. শিশু এবং পরিচর্যা প্রদানকারী/শিক্ষকদের মধ্যে ভাল সম্পর্ক গুরুত্বপূর্ণ। পরিচর্যা প্রদানকারী/শিক্ষকের:

   - শিশুদের সঙ্গে কথা বলার এবং খেলার আনন্দ উপভোগ করা উচিত।
   - শিশুদের পরিচর্যার অভিজ্ঞতা, শিক্ষা এবং/বা প্রশিক্ষণ থাকা উচিত।

5. শিশু পরিচর্যার খরচ, অবস্থান এবং সেটি কতক্ষণ খোলা থাকে সেটি বিবেচনা করা উচিত।

6. এই কর্মসূচিটি ব্যবহার করছেন এমন মাতা-পিতাদের সঙ্গে কথা বলা এবং আপনি আপনার পছন্দে সন্তুষ্ট হওয়া পর্যন্ত তা নজর রাখা উচিত।

লাইসেন্সপ্রাপ্ত বা নিবন্ধিত শিশু পরিচর্যাকে অবশ্যই নির্দিষ্ট স্বাস্থ্য, নিরাপত্তা এবং কর্মসূচির শর্তগুলি পূরণ করতে হবে। আইনতভাবে পরিচর্যা প্রদান করার জন্য কিছু কর্মসূচির স্টেট আইন মেনে চলার প্রয়োজন নাও হতে পারে। এই বিকল্পগুলি যেন আপনার সন্তানের স্বাস্থ্য, নিরাপত্তা এবং বিকাশের জন্য আপনার নিজস্ব মানদণ্ডগুলি পূরণ করে।

সমস্ত বয়সের ক্ষেত্রে নিয়ন্ত্রিত শিশু পরিচর্যার পরিস্থিতি

- ডে কেয়ার সেন্টার - ছয়টি শিশুর বেশি, দিনে তিন ঘন্টার বেশি সময়ের জন্য কোনও ব্যক্তির বাড়িতে নয়।
- ছোট ডে কেয়ার সেন্টার- তিন থেকে ছটি শিশু, দিনে তিন ঘন্টার বেশি সময়ের জন্য কোনও ব্যক্তির বাড়িতে নয়।
- ফ্যামিলি ডে কেয়ার সেন্টার - তিন থেকে ছ'টি শিশু, দিনে তিন ঘন্টার বেশি সময়ের জন্য কোন ব্যক্তির বাড়িতে। একটি বা দুইয়ের বেশি স্কুলে যাওয়ার বয়সী শিশু স্কুল শেষ হওয়ার পরে আসতে পারে। দু বছরের কম বয়সী প্রতি দুটি শিশুর জন্য একজন পরিচর্যা প্রদানকারী অবশ্যই থাকতে হবে।
- গ্রুপ ফ্যামিলি ডে কেয়ার হোম - একজন সহায়তাকারীর সাহায্য সহ, দিনে তিন ঘন্টার বেশি সময়ের জন্য একটি বাড়িতে সাত থেকে 12টি শিশু। অতিরিক্ত চারজন স্কুল যাওয়ার বয়সী শিশু স্কুল শেষ হওয়ার পর আসতে পারে। দু বছরের কম বয়সী প্রতি দুটি শিশুর জন্য একজন পরিচর্যা প্রদানকারী অবশ্যই থাকতে হবে।
- হেড স্টার্ট - ডে কেয়ার সেন্টার হিসেবে লাইসেন্সপ্রাপ্ত এবং শিশু ও পরিবারগুলিকে_অতিরিক্ত পরিষেবা প্রদান করে।
- প্রি কিন্ডারগার্টেন প্রোগ্রাম- স্কুলে যাওয়ার বছরে 3 থেকে 5 বছরের স্কুলে যাওয়ার বয়সী শিশুদের জন্য অনেক সরকারি স্কুল প্রস্তাব দেয়।
- স্কুল-এজ চাইল্ড কেয়ার - স্কুল না চলাকালীন সময়ে সাত বা তার চেয়ে বেশি শিশুদের জন্য (কিন্ডারগার্টেন থেকে 12-বছর বয়সী শিশু পর্যন্ত)।

কর্মসূচি 2

শিশু পরিচর্যা কর্মসূচি কেন্দ্র:______________________________

শিশু পরিচর্যার ঠিকানা:______________________________

____

শিশু পরিচর্যার ফোন নম্বর #:______________________________

শিশু পরিচর্যার প্রকার:______________________________

শিশুদের সংখ্যা:______________________________

পরিচর্যা প্রদানকারী/শিক্ষকদের সংখ্যা:______________________________

কর্মসূচি 3

শিশু পরিচর্যা কর্মসূচি:______________________________

শিশু পরিচর্যার ঠিকানা:______________________________

____

শিশু পরিচর্যার ফোন নম্বর #:______________________________

শিশু পরিচর্যার প্রকার:______________________________

শিশুদের সংখ্যা:______________________________

পরিচর্যা প্রদানকারী/শিক্ষকদের সংখ্যা: ______________________________

পরিচর্যা প্রদানকারী/শিক্ষকদের তথ্য/ অনুপাত

একটি কর্মসূচিতে শিশুদের জন্য যথেষ্ট পরিচর্যা প্রদানকারী/শিক্ষক থাকা উচিত। স্টেটের প্রবিধানে নিয়ন্ত্রিত পরিচর্যার অনুপাতগুলি পাওয়া যায়। যে পরিচর্যা আইনানুগ কিন্তু নিয়ন্ত্রিত নয় তার নির্দেশাবলী এই পুস্তিকায় তালিকাভুক্ত করা হয়েছে।

কর্মসূচি 1

শিশু পরিচর্যা কর্মসূচি: ____________________

শিশু পরিচর্যার ঠিকানা: ____________________

____

শিশু পরিচর্যা ফোন নম্বর #: ____________________

শিশু পরিচর্যার প্রকার: ____________________

শিশুর সংখ্যা: ____________________

পরিচর্যা প্রদানকারী/শিক্ষকের সংখ্যা: ____________________

আইনানুগ কিন্তু নিয়ন্ত্রিত নয় এমন শিশু পরিচর্যার পরিস্থিতি

- ইনফর্মাল কেয়ার (অপ্রাতিষ্ঠানিক পরিচর্যা) - শিশুর আত্মীয়, পরিবারের কোনও বন্ধু বা প্রতিবেশী দ্বারা প্রদত্ত পরিচর্যা, যিনি পরিচর্যা প্রদানকারীর সঙ্গে সম্পর্কিত নন এবং একটি বা দুটি শিশুর ওপর নজর রাখেন, তবে মোট আটটি শিশুর বেশি নয়।
- ইন-হোম কেয়ার (বাড়িতে পরিচর্যা) - আপনার সন্তানদের পরিচর্যার জন্য যখন একজন পরিচর্যা প্রদানকারী আপনার বাড়িতে আসে।
- বেসরকারি নার্সারি স্কুল এবং প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচিসমূহ- একটি কর্মসূচি যেটি কারও বাড়িতে হয় না এবং যেটি দিনে তিন ঘন্টার জন্য বা তার কম সময়ের জন্য শিশুদের পরিচর্যা প্রদান করে।

চেকলিস্ট সম্পূর্ণ করার সময়ে

প্রতিটি কর্মসূচি কেন্দ্রে যান। প্রশ্ন জিজ্ঞাসা করুন এবং কিভাবে পরিস্থিতিগুলি সামলানো হয় তার জন্য চারপাশ দেখুন। যে বিষয়গুলি আপনার জন্য গুরুত্বপূর্ণ এবং চেকলিস্টে নেই সেগুলি সম্বন্ধে জিজ্ঞাসা করুন। আপনি যা খুঁজে পাবেন তার ভিত্তিতে প্রদত্ত স্থানে Y/হ্যাঁ বা N/না লিখুন। একবার আপনার পরিদর্শন সম্পূর্ণ হওয়ার পর বিভিন্ন কর্মসূচির তুলনা করুন। অন্যান্য পিতা-মাতা যারা কর্মসূচিটি কেন্দ্রটি ব্যবহার করেন তাদের সঙ্গে কথা বলুন। তারপর আপনার সন্তান এবং পরিবারের জন্য সেরা কর্মসূচিটির বিষয়ে সিদ্ধান্ত নিন।

সিদ্ধান্ত নেওয়ার আগে

কোনও শিশু পরিচর্যা নির্বাচন করার সময় পরিচর্যার খরচ, কর্মসূচির কাজের সময় এবং পরিবহনের মতো বিষয় বিবেচনা করা খুব গুরুত্বপূর্ণ। স্কুলে যাওয়ার বয়সী শিশুদের জন্য শিশু পরিচর্যার জন্য, পিতামাতাদের পরিচর্যা প্রদানকারীর থেকে স্কুলে এবং স্কুল থেকে পরিচর্যা প্রদানকারীর কাছে পরিবহনের খরচ এবং স্কুলের ছুটি এবং শীতের ছুটির সময় পরিচর্যা উপলব্ধ কিনা তা বিবেচনা করাও আবশ্যিক।

পরিবারের প্রয়োজনীয়তা	কর্মসূচি 1	কর্মসূচি 2	কর্মসূচি 3
স্কুল এবং কর্মসূচির মধ্যে পরিবহন ব্যবস্থা উপলব্ধ অথবা কর্মসূচিটি স্কুলের মধ্যেই উপস্থিত থাকে।			
আপনার সন্তানের যে সময়ে পরিচর্যার প্রয়োজন তখন কর্মসূচিটি খোলা থাকে।			
স্কুল যখন ছুটির দিনগুলিতে বন্ধ থাকে, স্কুলের অবকাশের সময়, শীতকালীন অবকাশ এবং অর্ধদিবসের ছুটিগুলিতে শিশু পরিচর্যাটি খোলা থাকে।			
এগুলি সহ, পেমেন্ট নীতিগুলির সম্বন্ধে জিজ্ঞাসা করুন: • শিশু পরিচর্যায় ভর্তুকি পেমেন্ট • পেমেন্টের বিকল্পসমূহ • বকেয়া তারিখ এবং বিলম্বের জরিমানা • অবকাশ এবং ছুটির দিনের জন্য পেমেন্ট			
শিশু পরিচর্যা কর্মসূচিটি খোলা থাকাকালীন যে কোনও সময় পিতা-মাতা সেখানে পরিদর্শনে যেতে পারেন।			

যে প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে হবে এবং নজর রাখতে হবে...

আপনার অনুসন্ধানের সময় আপনি যে বিভিন্ন কর্মসূচিতে গেছেন সেগুলির তুলনা করুন এবং বিবেচনা করুন। কর্মসূচিগুলি সম্পর্কে অন্যান্য পিতা-মাতাদের জিজ্ঞাসা করুন। কোনও নিয়ন্ত্রিত কর্মসূচির লাইসেন্স লাভের ইতিহাস সম্বন্ধে জানার জন্য (নিয়ন্ত্রক লঙ্ঘনগুলি সহ) নিউ ইয়র্ক স্টেটের শিশু এবং পরিবার পরিষেবার অফিসের আঞ্চলিক অফিসে ফোন করুন। আপনার স্থানীয় আঞ্চলিক অফিসের সঙ্গে যোগাযোগ করার জন্য **(800) 732-5207** নম্বরে ফোন করুন বা ওয়েবসাইট **www.ocfs.ny.gov.** দেখুন। OCFS-র ওয়েবসাইট www.ocfs.ny.gov -তে লঙ্ঘনের ইতিহাসও পাওয়া যায়। তারপর আপনার সন্তানকে কোথায় রাখা সুবিধাজনক মনে হচ্ছে এবং সেটি আপনার পরিবারের জন্য সবচেয়ে বেশি উপযুক্ত হলে তার ওপর নির্ভর করে সিদ্ধান্ত নিন।

যে প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে হবে এবং নজর রাখতে হবে...	কর্মসূচি 1	কর্মসূচি 2	কর্মসূচি 3
OCFS-এর আঞ্চলিক অফিস আপনাকে জানাবে যদি কর্মসূচিটি: • লাইসেন্সপ্রাপ্ত বা নিবন্ধিত হয়। • অতীতে লাইসেন্সপ্রাপ্ত বা নিবন্ধিত থাকে। • নিবন্ধিকরণ/লাইসেন্স প্রদান বা লঙ্ঘনের ইতিহাস থাকে।			
অন্যান্য পরিবারের সঙ্গে কথা বলুন যারা এই কর্মসূচিটি ব্যবহার করেছেন।			

দ্রষ্টব্য: ____________________________________

____

____

ইতিবাচক আচরণের ব্যবস্থাপনার সম্বন্ধে ভাবুন

যে প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে হবে এবং যেগুলির দিকে নজর রাখতে হবে...

শিশুদের জন্য কর্মসূচিগুলির সীমা নির্ধারণ করা প্রয়োজন। এই সীমাবদ্ধতাগুলি শিশুর বয়স এবং ক্ষমতাগুলির ওপর নির্ভর করে। শিশুদের না মেরে বা ভয় না দেখিয়ে, তাদের অনুভূতিকে আহত না করে অথবা খাবার বা বিশ্রামের মতো গুরুত্বপূর্ণ বিষয় কেড়ে না নিয়ে তাদের এই সীমাবদ্ধতাগুলি মনে করানো উচিত। শারীরিক শাস্তি কখনই অনুমোদিত নয়।

ইতিবাচক আচরণের ব্যবস্থাপনা	কর্মসূচি 1	কর্মসূচি 2	কর্মসূচি 3
কর্মসূচিটির একটি লিখিত আচরণের ব্যবস্থাপনার পরিকল্পনা আছে যা প্রত্যেক পিতা-মাতাকে দেওয়া হয়।			
পিতা-মাতার কর্মসূচির আচরণের ব্যবস্থাপনার পরিকল্পনার সঙ্গে সম্মত হন।			
স্কুলে যাওয়ার বয়সী শিশুদের নিম্নলিখিত বিষয়গুলি বুঝতে হবে: • কর্মসূচির নিয়মগুলি জানতে হবে এবং সেগুলি অনুসরণ না করলে কী হবে সেটিও জানতে হবে। • তাদের অনুভূতির ব্যাপারে কথা বলতে হবে এবং সেজন্য তাদের শব্দ ব্যবহার করতে হবে। • সহযোগিতা করার জন্য উৎসাহিত করতে হবে। • ভুলগুলির থেকে শিখতে হবে এবং আবার চেষ্টা করার জন্য তাদের উৎসাহিত করতে হবে।			
মনে আঘাতের অনুভূতি প্রতিরোধ করার জন্য, খেপানো, গুণ্ডামি এবং কোনও নাম-ধরে ডাকাকে কর্মসূচি অনুমতি দেয় না।			

পরিবারের প্রয়োজনীয়তাগুলি সম্বন্ধে ভাবুন

যে প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে হবে এবং যেগুলির দিকে নজর রাখতে হবে...

পরিবারের প্রয়োজনীয়তা	কর্মসূচি 1	কর্মসূচি 2	কর্মসূচি 3
পিতা-মাতারা শিশু পরিচর্যা কর্মসূচির নিয়ম নীতিগুলির একটি প্রতিলিপি পাবেন।			
সপ্তাহে অন্তত একবার করতে শিশুদের কার্যকলাপগুলি সম্বন্ধে পিতা-মাতাদের জানানো হবে।			

দ্রষ্টব্য: ______________________________

পরিচর্যা প্রদানকারীর সম্বন্ধে ভাবুন

যে প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে হবে এবং যে বিষয়গুলি নজর রাখতে হবে...

শিশু, পরিবার এবং পরিচর্যা প্রদানকারী/ শিক্ষকের মধ্যে ভাল সম্পর্ক সবার জন্য গুরুত্বপূর্ণ। পরিচর্যা প্রদানকারী/শিক্ষকের স্কুলে যাওয়ার বয়সী শিশুদের সঙ্গে কাজ করার অভিজ্ঞতা, শিক্ষা এবং/বা প্রশিক্ষণ থাকা উচিত। শিশুদের এবং পিতা-মাতাদের সঙ্গে পরিচর্যা প্রদানকারী/শিক্ষকের ভালভাবে কথা বলা উচিত।

পরিচর্যা প্রদানকারী/শিক্ষকের সম্বন্ধে ভাবুন	কর্মসূচি 1	কর্মসূচি 2	কর্মসূচি 3
পরিচর্যা প্রদানকারী/শিক্ষকের স্কুল যাওয়ার বয়সী শিশুদের সঙ্গে কাজ করার অভিজ্ঞতা আছে এবং তাদের সঙ্গে কাজ করাটা প্রকৃতভাবে উপভোগ করে।			
পরিচর্যা প্রদানকারী/শিক্ষক শিশুদের স্বাস্থ্য, নিরাপত্তা এবং বিকাশের ওপর প্রশিক্ষণ এবং/বা শিক্ষাগত কোর্স করে।			
পরিচর্যা প্রদানকারী/শিক্ষক শিশুর পরিবারের মূল্যবোধ এবং সংস্কৃতিকে সম্মান জানায় এবং বোঝে।			
একটি নিয়ন্ত্রিত শিশু পরিচর্যা কেন্দ্রে বসবাসকারী সমস্ত নিয়ন্ত্রিত পরিচর্যা প্রদানকারী/শিক্ষকবৃন্দ, বিকল্প ব্যক্তিগণ এবং 18 বছরের বেশী বয়সী অন্য যে কোনও ব্যক্তির আঙুলের ছাপ নেওয়া হয়েছে এবং সমস্ত আবশ্যক ফৌজদারি, শিশু নির্যাতনের ইতিহাস পরীক্ষা সম্পূর্ণ হয়েছে।			

দ্রষ্টব্য: ______________________________

____

তাদের দিন সম্বন্ধে ভাবুন

সক্রিয় এবং শান্ত সময়	কর্মসূচি 1	কর্মসূচি 2	কর্মসূচি 3
আবহাওয়া খারাপ না হলে শিশুরা তত্বাবধানের মধ্যে প্রতিদিন বাইরে সময় কাটায়।			
বাইরের এবং ভিতরের খেলার জায়গা এবং সরঞ্জামগুলি পরিষ্কার, নিরাপদ এবং ধারালো কোণ-মুক্ত।			
কিছু নরম আসবাব আছে এবং যে শিশুদের সারাদিন স্কুলের পরে বিশ্রাম প্রয়োজন তাদের জন্য শান্ত জায়গা আছে।			
শিশুদের বাড়ির কাজ করার জন্য তত্বাবধানের মধ্যে শান্ত জায়গা আছে।			

দ্রষ্টব্য: ______________________________

____

____

____

____

____

____

____

তাদের দিন সম্বন্ধে ভাবুন

শেখা, চিন্তা করা এবং কল্পনা করা	কর্মসূচি 1	কর্মসূচি 2	কর্মসূচি 3
স্কুলের আগে, শান্ত কার্যকলাপগুলির পরিকল্পনা শিশুদের স্কুলের দিনের জন্য তৈরি হতে সাহায্য করে।			
বিভিন্ন প্রকারের খেলনা এবং সামগ্রী আছে যেগুলি পরিষ্কার, নিরাপদ এবং শিশুদের নিজেদের মতো ব্যবহার করার জন্য ভাল মেরামতির সংস্করণ: • হস্তশিল্পের উপকরণ • বোর্ডের খেলা, ধাঁধা • গানের টেপ অথবা সিডি			
কার্যকলাপগুলি শিশুদের একত্রিতভাবে কাজ করার জন্য পরিকল্পনা করা হয় যেমন বাগানে বৃক্ষরোপণ বা জলখাবার বানানো।			

সক্রিয় এবং শান্ত সময়	কর্মসূচি 1	কর্মসূচি 2	কর্মসূচি 3
শিশুদের শক্তি খরচ করার এবং সারাদিন স্কুলে থাকার পরে পেশীগুলি নাড়াচাড়া করার নিরাপদ, সক্রিয় কিছু উপায় আছে।			
ছোট শিশুরা তাদের থেকে বড় শিশুদের সঙ্গে খেলার জায়গায় প্রতিযোগিতা করে না।			

দ্রষ্টব্য: ________________________________

____

পরিচর্যা প্রদানকারী/শিক্ষকের সম্বন্ধে ভাবুন

পরিচর্যা প্রদানকারী/শিক্ষকের সম্বন্ধে ভাবুন	কর্মসূচি 1	কর্মসূচি 2	কর্মসূচি 3
অপ্রাতিষ্ঠানিক পরিচর্যা প্রদানকারীর কোনও ফৌজদারি ইতিহাস আছে কিনা এবং 18 বছরের বেশী বয়সী কোনও ব্যক্তি শিশু পরিচর্যার সময়ে বাড়িতে থাকবে কিনা তা জিজ্ঞাসা করুন।			

দ্রষ্টব্য: ________________________________

____

____

____

____

____

____

____

____

____

____

____

নিরাপত্তা সম্বন্ধে ভাবুন

যে প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে হবে এবং যেগুলির দিকে নজর রাখতে হবে...

দুর্ঘটনা প্রতিরোধ করার জন্য কর্মসূচিটি কী পদক্ষেপ গ্রহণ করেছে এবং আপৎকালীন অবস্থার জন্য কী পরিকল্পনা আছে তা জেনে রাখা গুরুত্বপূর্ণ।

দুর্ঘটনা প্রতিরোধ করা	কর্মসূচি 1	কর্মসূচি 2	কর্মসূচি 3
শিশুদের পরিচর্যা প্রদানকারী/শিক্ষক তত্ত্বাবধান করে এবং তাদের: • তত্ত্বাবধান করার সময়ও, কিছুটা গোপনীয়তা এবং স্বাধীনতা দেয়। • 1-2 জন শিশুর সঙ্গে একা খেলার সুযোগ দেয়।			
কর্মসূচিতে সীসা, র‍্যাডন, অ্যাসবেস্টসের মতো বিপজ্জনক পদার্থ আছে কিনা পরীক্ষা করা হয়েছে।			
বাইরের এবং ভিতরের সরঞ্জামগুলি কেটে বা ছিঁড়ে গেছে কিনা তা কর্মসূচিটি নিয়মিতভাবে নজর রাখে।			
পুল, পুকুর এবং অন্যান্য জলাশয়ের থেকে শিশুদের দূরে রাখার জন্য বেড়া বা অন্য কোনও মজবুত পরিবেষ্টনী আছে।			

দ্রষ্টব্য: ____________________

তাদের দিন সম্বন্ধে ভাবুন

যে প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে হবে এবং যেগুলির দিকে নজর রাখতে হবে...

সারাদিনে স্কুলের পরে, প্রত্যেকটি শিশুর আলাদা আলাদা প্রয়োজন থাকে। কর্মসূচি কর্মসূচির শিশুদের জন্য বিভিন্ন ধরণের ইচ্ছামত পছন্দের কার্যকলাপ নিয়ে আসা উচিত। সক্রিয়, শান্ত, ভিতরের এবং বাইরের খেলার মধ্যে সামঞ্জস্য থাকা জরুরি।

কথা বলা এবং ভাষা	কর্মসূচি 1	কর্মসূচি 2	কর্মসূচি 3
শিশুদের পড়া, লেখা, কথা বলা এবং প্রশ্ন জিজ্ঞাসা করার জন্য উৎসাহিত করা হয়। সমস্ত বয়সের এবং পঠনের স্তরের জন্য বিভিন্ন ধরণের বই এবং ম্যাগাজিন থাকে।			

টেলিভিশন দেখা	কর্মসূচি 1	কর্মসূচি 2	কর্মসূচি 3
কেবলমাত্র স্বল্প সময়ের জন্য এবং শিক্ষাগত উদ্দেশ্যে টেলিভিশন এবং ভিডিও ব্যবহার করা হয়।			
যে শিশুরা টেলিভিশন বা ভিডিও দেখতে চায় না তাদের জন্য অন্যান্য কার্যকলাপ আছে।			
হাতে পরিচালনা করার মত বৈদ্যুতিক খেলাগুলির ব্যবহার সীমিত।			

দ্রষ্টব্য: ____________________

শিশুদের সুস্থ রাখার সম্বন্ধে ভাবুন

যখন শিশুরা অসুস্থ হয় বা আঘাত পায়	কর্মসূচি 1	কর্মসূচি 2	কর্মসূচি 3
কর্মসূচিটি শিশুদের ওষুধ প্রদান করবে কিনা তা স্বাস্থ্য সেবার পরিকল্পনাটির মধ্যে রয়েছে।			
পরিচর্যা প্রদানকারী/শিক্ষকের নিম্নলিখিতগুলি করার দক্ষতা এবং প্রশিক্ষণ আছে: • শিশুদের ওভার দ্য কাউন্টার বা প্রেসক্রিপশনের ওষুধ দেওয়ার। • কোনও ছোটখাটো আঘাত সম্বন্ধে জানে যেটির চিকিৎসা সংক্রান্ত ব্যবস্থা নেওয়া প্রয়োজন। • প্রাথমিক চিকিৎসা এবং CPR দিতে পারে।			

স্বাস্থ্যকর আহার	কর্মসূচি 1	কর্মসূচি 2	প্রদানকারী 3
আহার এবং জলখাবারের মধ্যে রয়েছে বিভিন্ন ধরনের তাজা ফল, শাকসব্জী, মাংস, পাউরুটি এবং দুগ্ধজাত পণ্য।			
জলখাবারের সময়টা নমনীয় এবং যথেষ্ট বেশি থাকার ফলে শিশুদের তাড়াহুড়ো করার প্রয়োজন পরে না। শিশুরা কেন্দ্রে আসার পরে জলখাবার খেতে পারে এবং জলখাবার দূরে সরিয়ে রাখার আগে তাদের বলা হয়।			
জলখাবার অথবা আহারের সময় হল শিশুদের জন্য এমন একটি সময় যখন তারা তাদের বন্ধু এবং পরিচর্যা প্রদানকারী/শিক্ষকের সঙ্গে কাটানো দিন সম্বন্ধে কথা বলে।			

নিরাপত্তার ব্যাপারে ভাবুন

দুর্ঘটনা প্রতিরোধ করা	কর্মসূচি 1	কর্মসূচি 2	কর্মসূচি 3
পড়ানো, নাচ বা গান শেখা অথবা স্পোর্টসের কার্যকলাপের মতো কেন্দ্রের বাইরে ক্রিয়াকলাপগুলিতে যাওয়া শিশুদের ট্র্যাক করার একটি ব্যবস্থা আছে।			

আপৎকালীন অবস্থার ব্যবস্থাপনা	কর্মসূচি 1	কর্মসূচি 2	কর্মসূচি 3
কর্মসূচিতে অগ্নিকান্ড বা চিকিৎসা সংক্রান্ত আপৎকালীন অবস্থার সামলানোর পরিকল্পনা আছে।			
কর্মসূচিতে প্রাথমিক চিকিৎসার একটি কিট মজুত করা আছে।			
কিভাবে ছোটখাটো আঘাতের ব্যবস্থা নিতে হয় এবং কোনও আঘাতের জন্য চিকিৎসকের কাছে বা ইমার্জেন্সি রুমে যেতে হলে কী করতে হবে, তা পরিচর্যা প্রদানকারী/শিক্ষক জানে।			
কর্মসূচির একটি সক্রিয় ফোন আছে। অগ্নিকান্ড, পুলিশ, অ্যাম্বুলেন্স এবং বিষ নিয়ন্ত্রণের টেলিফোন নম্বরগুলি প্রদর্শন করা থাকে।			

দ্রষ্টব্য: ____________________

অগ্নিকান্ডের মতো আপৎকালীন পরিস্থিতি	কর্মসূচি 1	কর্মসূচি 2	কর্মসূচি 3
শিশু পরিচর্যার প্রত্যেকটি তলায় স্মোক ডিটেক্টর এবং বহু উপযোগী অগ্নিনির্বাপক থাকে। স্কুলে যাওয়ার বয়সীদের কর্মসূচির সাইটে অগ্নি শনাক্তকারী সিস্টেম আছে।			
অগ্নিকান্ডের মতো আপৎকালীন অবস্থায় পলায়নের পরিকল্পনা মাসে অন্তত একবার শিশুদের অনুশীলন করানো হয়।			
অগ্নিকান্ডের সময় বেড়ানোর জন্য বিল্ডিংয়ের অন্তত দুটি পৃথক প্রস্থান স্থান আছে।			

দ্রষ্টব্য: ______________________________

____

____

____

____

____

____

____

____

____

যে প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে হবে এবং যে বিষয়গুলি নজর রাখতে হবে...

শিশুদের সুস্থ রাখার জন্য, কর্মসূচিটির ভাল স্বাস্থ্যকর অভ্যাসগুলিতে উৎসাহিত করানো উচিত এবং জীবাণু যাতে না ছড়ায় তা প্রতিরোধের পদক্ষেপ নেওয়া উচিত। কর্মসূচিটির একটি অনুমোদিত স্বাস্থ্য সেবার পরিকল্পনা আছে কিনা তা নিশ্চিত করুন এবং দেখার জন্য একটি প্রতিলিপি চেয়ে নিন। শিশু পরিচর্যার কর্মসূচিগুলিকে শিশুদের ওভার দ্য কাউন্টার এবং প্রেসক্রিপশনের ওষুধ দেওয়ার জন্য নির্দিষ্ট নিয়ম অবশ্যই মেনে চলতে হবে।

শিশুদের সুস্থ রাখা	কর্মসূচি 1	কর্মসূচি 2	কর্মসূচি 3
প্রত্যেক শিশুর অবশ্যই আপ-টু-ডেট টিকাকরণ করাতে হবে।			
পরিচর্যা প্রদানকারী/শিক্ষক দিনের মধ্যে অনেকবার হাত ধুয়ে জীবাণু ছড়ানো প্রতিরোধ করে। শিশুরাও দিনের মধ্যে মাঝে মাঝেই তাদের হাত ধোয়।			
শিশু পরিচর্যাটি পরিষ্কার। খেলনা, আসবাব এবং মেঝেতে জীবাণু ছড়ানো প্রতিরোধ করার জন্য ব্লিচের দ্রবণ দিয়ে প্রায়ই পরিষ্কার করা হয়।			

যখন শিশুরা অসুস্থ হয় বা আঘাত পায়	কর্মসূচি 1	কর্মসূচি 2	কর্মসূচি 3
কর্মসূচির স্বাস্থ্য সেবার পরিকল্পনাটি আমার শিশুর স্বাস্থ্য সেবাের প্রয়োজনীয়তাগুলি পূরণ করে।			
কর্মসূচির চিকিৎসা সংক্রান্ত আপৎকালীন পরিস্থিতিগুলি সামলানোর জন্য একটি পরিকল্পনা আছে।			